



মাইক্রোক্রিডিট রেগুলেটরী অথরিটি
গুলফেশী প্লাজা (৭ম তলা)
৮ শহীদ সাংবাদিক সেলিনা পারভীন সড়ক
বড় মগবাজার, রমনা
ঢাকা-১২১৭।

এমআরএ/সার্কুলার লেটার নং-রেগু-২৯

তারিখ: ১৭ ফাল্গুন ১৪২১ বাংলা
০১ মার্চ ২০১৫ ইংরেজী

প্রধান নির্বাহী কর্মকর্তা
সকল সনদপ্রাপ্ত ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠান

প্রিয় মহোদয়,

ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানের কার্যালয়ের ঠিকানা ও শাখা সম্প্রসারণ নীতিমালা প্রসংগে।

শীর্ষোক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানের প্রধান কার্যালয় ও শাখা কার্যালয়ের ঠিকানা পরিবর্তন এবং শাখা সম্প্রসারণ নীতিমালা প্রেরণ বিষয়ে মাইক্রোক্রিডিট রেগুলেটরী অথরিটি বিধিমালা, ২০১০ এর বিধি ১৪ -এ নিম্নরূপ উল্লেখ রয়েছেঃ-

- (১) প্রত্যেক ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠান উহার প্রধান কার্যালয় ও সকল শাখা কার্যালয়ের পূর্ণ ঠিকানা কর্তৃপক্ষের নিকট প্রেরণ করিবে।
- (২) ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠান শাখা সম্প্রসারণ নীতিমালা প্রণয়নপূর্বক কর্তৃপক্ষের নিকট প্রেরণ করিবে।
- (৩) ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠান, কর্তৃপক্ষের পূর্বানুমোদনক্রমে, উহার প্রধান কার্যালয়ের ঠিকানা পরিবর্তন করিতে পারিবে, তবে শাখা কার্যালয়ের ঠিকানা পরিবর্তনের ক্ষেত্রে ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠান অনুরূপ ঠিকানা পরিবর্তনের একমাসের মধ্যে কর্তৃপক্ষকে লিখিতভাবে অবহিত করিবে।
- (৪) ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠান প্রধান কার্যালয় ও শাখা কার্যালয়ের ঠিকানা পরিবর্তনের বিষয়টি গ্রাহকসহ সংশ্লিষ্ট সকলকে লিখিতভাবে অবহিত করিবে।

এতৎসঙ্গেও অধিকাংশ প্রতিষ্ঠান এখনও তাদের শাখা কার্যালয়ের ঠিকানা ও শাখা সম্প্রসারণ নীতিমালা অথরিটিতে প্রেরণ করেনি। এছাড়া লক্ষ্য করা যাচ্ছে যে, অনেক প্রতিষ্ঠান অথরিটির পূর্বানুমোদন ব্যতীত প্রধান কার্যালয়ের ঠিকানা পরিবর্তন করছে এবং শাখা কার্যালয়ের ঠিকানা পরিবর্তনের বিষয়ে অথরিটিকে অবহিত করা হতে বিরত থাকছে।

বর্গিতাবস্থায়, উপরোল্লিখিত বিধির নির্দেশনাসমূহ যথাযথভাবে অনুসরণের লক্ষ্যে নিম্নোক্ত পরামর্শ প্রদান করা হলোঃ

- (১) আগামী ১৬/০৩/২০১৫ইং তারিখের মধ্যে শাখা সম্প্রসারণ নীতিমালা এবং শাখা কার্যালয়ের ঠিকানা (Excel spread sheet এ) অথরিটিতে প্রেরণ করতে হবে;
- (২) প্রধান কার্যালয়ের ঠিকানা পরিবর্তনের ক্ষেত্রে অথরিটির পূর্বানুমোদন গ্রহণ করতে হবে এবং শাখা কার্যালয়ের ঠিকানা পরিবর্তনের ক্ষেত্রে এতদ্বিষয়ে একমাসের মধ্যে অথরিটিকে লিখিতভাবে অবহিত করতে হবে; এবং
- (৩) প্রধান কার্যালয় ও শাখা কার্যালয়ের ঠিকানা পরিবর্তনের বিষয়টি গ্রাহকসহ সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য পত্রিকায় প্রকাশ করতে হবে।

আপনাদের বিশ্বস্ত,

(লাইলা বিলকিস আরা)

পরিচালক

ফোনঃ-৮৩৩৩৬৩৬।

অনুলিপি নং- ৫৩.০১.০০০০.০০৯.০১.০০৩.২০১৫- ২০৬৭ (৭০০)

তারিখ: ৩

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :-

১. মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, ঢাকা।
২. মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
৩. রেজিস্ট্রার, রেজিস্ট্রার অব জয়েন্ট স্টক কোম্পানিজ এন্ড ফার্মস, ঢাকা।
৪. ব্যবস্থাপনা পরিচালক, পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশন, ঢাকা।

(মোহাম্মদ ইয়াকুব হোসেন)

উপ-পরিচালক

ফোন: ৮৩১৫৭৯৯।